## উত্তরপত্র

### লেকচার -১ (৯.৬.২০)

### ক) এক বাক্যে উত্তর লিখ।

১. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কী কাজ করেন?
**উত্তর:** সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কৃষিকাজ করেন। তবে বেশিরভাগ মানুষ মাছ ধরে, কাঠ কেটে সংগ্রহ করে এবং গোলপাতা ও মধু সংগ্রহ করে জীবিকা নির্বাহ করে।

২. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ বন থেকে কী সংগ্রহ করে?
**উত্তর:** সুন্দরবনের পাশের গ্রামের মানুষ বন থেকে গোলপাতা ও মধু সংগ্রহ করে।

৩. মৌমাছিরা কোথায় মৌচাক বানায়?
**উত্তর:** মৌমাছিরা গাছে গাছে মৌচাক বানায়।

৪. কাদের মৌয়াল বলে?
**উত্তর:** যারা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের মৌয়াল বলা হয়।

৫. সুন্দরবন কোথায় অবস্থিত?

**উত্তর:** বাংলাদেশের দক্ষিণ- পশ্চিম কোণে, বঙ্গোপসাগরের তীরে সুন্দরবন অবস্থিত।

৬. মানুষকে আক্রমণ করে কোন প্রাণী?
**উত্তর: বাঘ** মানুষকে আক্রমণ করে।

৭. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কোথায় থেকে কাঠ ও মধু সংগ্রহ করেন?
**উত্তর:** সুন্দরবনের পাশের গ্রামের মানুষ সুন্দরবন থেকে কাঠ ও মধু সংগ্রহ করেন।

৮. মৌমাছি কী বানায়?
**উত্তর:** মৌমাছি মৌচাক বানায়।

৯. গাছ থেকে কী পাওয়া যায়?
**উত্তর:** কিছু গাছ থেকে কাঠ এবং গোলপাতা গাছ থেকে গোলপাতা পাওয়া যায়।

১০. গল্পে কাদের কাজ কষ্টের বলা হয়েছে?
**উত্তর:** গল্পে বাওয়ালিদের কাজ কষ্টের বলা হয়েছে।

১১. ভয়ঙ্কর প্রাণী কোথায় আছে?
**উত্তর:** ভয়ঙ্কর প্রাণী সুন্দরবনে আছে।

১২. বাঘ কোন ধরনের প্রাণী?

**উত্তর:** বাঘ মাংসাশী প্রাণী।

১৩. বাঘ কী খেয়ে বেঁচে থাকে?

**উত্তর:** অন্য প্রাণী খেয়ে বাঁচে। যেমন: হরিণ, বুনো শুয়োর, বানর ইত্যাদি।

১৪. বাঘ কোন কোন প্রাণী খেয়ে বেঁচে থাকে?

**উত্তর:** বাঘ হরিণ, বুনো শুয়োর, বানর ইত্যাদি প্রাণী খেয়ে বেঁচে থাকে

১৫. বাঘ ছাড়া বনে কী কী প্রাণী আছে?

**উত্তর:** বাঘ ছাড়া বনে হরিণ,বনবিড়াল, বুনো শুয়োর, সজারু, বানর, সাপ, কুমির, হাঙ্গর এবং প্রায় ৩২০ প্রজাতির পাখি ( চিল, ঈগল, সারস, হারগিলা, শকুন, গাঙচিল, মুনিয়া, শালিক, বুলবুলি ইত্যাদি) প্রাণী আছে ।

১৬. সুন্দরবনে কোন কোন প্রাণী পানিতে থাকে?

**উত্তর:** সুন্দরবনে মাছ, কুমির ও হাঙ্গর পানিতে থাকে।

**খ) শব্দার্থ লিখ।**

| **প্রদত্ত শব্দ** | **শব্দার্থ** |
|---|---|
| জন্মভূমি | যে ভূমি বা দেশে একজন জন্মায় |
| সমতলভূমি | তল সমান যে ভূমির |
| কৃষিকাজ | চাষাবাদ |
| চাষাবাদ | কৃষিকাজ |
| সংগ্রহ করা | আহরণ |
| পরিশ্রম | খাটাখাটুনির কাজ |
| হিংস্র | প্রাণহারক |
| মাংসাশী | মাংসই যার প্রধাণ খাদ্য |
| সতর্ক | সাবধান |
| লবনাক্ত | লবন মেশানো |

**গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর।**

জন্মভূমি, চাষাবাদ, পরিশ্রম, হিংসা, সতর্ক। (শিক্ষার্থীরা নিজে নিজে বাক্য তৈরি করবেন।)

## উত্তরপত্র /লেকচার -২ (১৩.৬.২০)

## ক) এক বাক্যে উত্তর লিখ।

১. বাওয়ালি কাদের বলা হয়?
**উত্তর:** সরকারের অনুমতি নিয়ে সুন্দরবন থেকে যারা গোলপাতা সংগ্রহ করেন তাদেরকে বাওয়ালি বলা হয়।

২. বাওয়ালিদের কাজ কী?
**উত্তর:** বাওয়ালিদের কাজ হলো গোলপাতা সংগ্রহ করা।

৩. বাওয়ালী ও মৌয়ালরা কোথায় বাস করেন?
**উত্তর:** বাওয়ালী ও মৌয়ালরা সুন্দরবনের অনেক দূরের গ্রামে বাস করেন।

৪. বাওয়ালিরা কীভাবে ঘর তৈরি করে?
**উত্তর:** বাওয়ালিরা রাতের বেলা হিংস্র জন্তুদের হাত থেকে বাঁচার জন্য কখনও কখনও বনের ধার ঘেঁষে ৫-৬ ফুট উঁচুতে গাছের মধ্যে কাঠ বা বাঁশের মঞ্চ তৈরি করে তার উপর ঘর বাঁধে।

৫. কারা লবনাক্ত পানি খেতে পারে না?
**উত্তর: মানুষ** লবনাক্ত পানি খেতে পারে না।

৬. বাওয়ালিরা সাথে কী রাখেন?
**উত্তর:** বাওয়ালিরা সাথে পানির ছোট ছোট পাত্র রাখেন।

৭. বাওয়ালিদের তৈরি ঘরকে কী বলে?
**উত্তর:** বাওয়ালিদের তৈরি ঘরকে টং ঘর বলে।

## খ) যুক্তবর্ণ লিখ।

| যুক্তবর্ণ | বর্ণ বিভাজন | দুটি শব্দ তৈরি কর | বাক্য তৈরি কর |
|---|---|---|---|
| ন্ম | ন+ম | জন্ম, আজন্ম | নিজেরা বাক্য তৈরি করবেন |
| ঙ্গ | ঙ+গ | বঙ্গ, বঙ্গোপসাগর | ” |
| ন্দ | ন+দ | আনন্দ, মন্দ | ” |
| ক্র | ক+্র(র-ফলা) | শুক্রবার, বিক্রয় | ” |
| ঙ্ক | ঙ+ক | অঙ্ক, আতঙ্ক | ” |
| ম্ভ | ম+ভ | দম্ভ, সম্ভব | ” |
| স্থ | স+থ | আস্থা, অস্থির | ” |
| ন্ত | ন+ত | কিন্তু, জন্তু | ” |
| ক্ত | ক+ত | রক্ত, বিরক্ত | ” |
| ম্ব | ম+ব | সম্বল, কম্বল | ” |
| দ্ধ | দ+ধ | বদ্ধ, যুদ্ধ | ” |
| দ্ভ | দ+ভ | অদ্ভুত, কিম্ভুত | ” |

**গ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।**

১. বাওয়ালি ও মৌয়ালদের কাজ সম্পর্কে লিখ ।

**উত্তর:** বাওয়ালিদের কাজ খুব কষ্টের হয় । বাওয়ালিরা সুন্দরবন থেকে গোলপাতা সংগ্রহ করে এবং সেগুলো বিক্রি করে অর্থ উপার্জন করেন । বাওয়ালিরা শুকনো মৌসুম অর্থাৎ অক্টোবর-ফেব্রুয়ারি মাসে গোলপাতা সংগ্রহ করেন ।

মৌমাছিরা গাছে গাছে তাদের মৌচাক বানায় । মৌয়ালরা সেই মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের এবং সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ আয় করেন ।

২. সুন্দরবন থেকে মানুষ কীভাবে অর্থ উপার্জন করে? দুটো পদ্ধতি লিখ ।

**উত্তর:** সুন্দরবন থেকে কেউ গোলপাতা সংগ্রহ করে এবং সেগুলো বিক্রি করে অর্থ উপার্জন করে আবার কেউ মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের এবং সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ উপার্জন করেন ।

**ঘ) বড় প্রশ্ন (নিচের অংশ থেকে ধারণা নিয়ে নিজের মতো বুঝে বানিয়ে লিখ) ।**

১. সুন্দরবনের মানুষদের জীবিকা ও জীবন যাপনের বর্ণনা দাও/ মৌয়াল ও বাওয়ালিদের জীবনযাপন সম্পর্কে লিখ ।

**উত্তর:** সুন্দরবনের পাশের গ্রামের মানুষরা খুব কষ্টে জীবনযাপন করেন । তারা নানা পেশায় জড়িত । কেউ কৃষিকাজ করেন, কেউ সুন্দরবন থেকে মধু সংগ্রহ করেন আবার কেউবা গোলপাতা সংগ্রহ কররে সেগুলো বিক্রি করে নিজেদের সংসার চালান ।

এদের মধ্যে মৌয়াল ও বাওয়ালিদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করতে হয় । যখন তারা পাতা বা মধু সংগ্রহ করতে যান তখন আনেক সময় তারা রাতে বাড়ি ফিরতে পারেন না । তখন রাতের বেলা হিংস্র জন্তুরা তাদের আক্রমণ করতে পারে তাই তারা ঝুঁকি নিয়ে কখনও কখনও নদীর মাঝখানে নৌকার মধ্যে রাত কাটান আবার কখনও গাছের ডালে উঁচুতে বানানো টং ঘরে থাকেন ।

২. বাওয়ালিদের কাছে কোনটি বেশি মূল্যবান, খাবার না খাবার পানি? এবং কেন?

**উত্তর:** কাজ করার সময় বাওয়ালিদের জন্য সবচেয়ে মূল্যবান জিনিস হলো পানি । কেননা সুন্দরবনের মধ্য দিয়ে বয়ে চলা নদীর পানি লবণাক্ত হওয়ায় সেই পানি খাওয়া সম্ভব নয় । তাই বাওয়ালিদের সাথে খাবার পানির ছোট ছোট পাত্র রাখতে হয় । এবং সেই পানি তারা খুব সাবধানে ব্যবহার করেন । একটুও অপচয় করেন না । কারণ পানি শেষ হলে সুন্দরবনে মানুষের খাওয়ার মত কোন বিশুদ্ধ পানি সহজেই পাওয়া যায় না ।

খাবার খাওয়া ছাড়া মানুষ বাঁচতে পারে কিন্তু খাবার পানি ছাড়া বেশিক্ষণ বাঁচা সম্ভব নয় । তাই সুন্দরবনে কাজ করার সময় বাওয়ালিদের কাছে খাবার চেয়ে খাবার পানির মূল্য সবচেয়ে বেশি ।

৩. বাওয়ালি কারা? বাওয়ালিদের কাজ এত বিপজ্জনক কেন?

**উত্তর:** সরকারের অনুমতি নিয়ে সুন্দরবন থেকে যারা গোলপাতা সংগ্রহ করেন তাদেরকে বাওয়ালি বলা হয় ।

বাওয়ালিদের কাজ খুব কষ্টের হয় । যখন তারা পাতা সংগ্রহ করতে যান তখন তাদের সাথে খাবার পানির ছোট ছোট পাত্র রাখতে হয় । এবং সেই পানি তারা খুব সাবধানে ব্যবহার করেন । একটুও অপচয় করেন না । কারণ পানি শেষ হলে সুন্দরবনে মানুষের খাওয়ার মত কোন বিশুদ্ধ পানি সহজে পাওয়া যায় না ।

আন্যদিকে রাতের বেলা হিংস্র জন্তুরা তাদের আক্রমণ করতে পারে তাই তারা কখনও কখনও নদীর মাঝখানে নৌকার মধ্যে রাত কাটান আবার কখনও টং ঘরে থাকেন । এজন্য বাওয়ালিদের কাজ খুব বিপজ্জনক ।

## উত্তরপত্র/ লেকচার -৩ (১৪.৬.২০)

**ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।**

**১. বাওয়ালিরা রাতে বনে থাকার জন্য কেমন ঘর বানায় ২টি বাক্যে লিখ।**

উত্তরঃ রাতের বেলা হিংস্র জন্তুদের হাত থেকে বাঁচার জন্য কখনও কখনও বনের ধার ঘেঁষে মাটি থেকে ৫-৬ ফুট উঁচুতে গাছের মধ্যে কাঠ বা বাঁশের মঞ্চ তৈরি করে তার উপর ঘর বাঁধে। এই ঘরকেই টং ঘর বলা হয়।

**২. বাওয়ালি এবং মৌয়ালদের মধ্যে ২টি পার্থক্য লিখ।**

উত্তরঃ

| বাওয়ালি | মৌয়াল |
|---|---|
| ১. সরকারের অনুমতি নিয়ে সুন্দরবন থেকে যারা গোলপাতা সংগ্রহ করেন তাদেরকে বাওয়ালি বলা হয়। | ১. যারা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের মৌয়াল বলা হয়। |
| ২. বাওয়ালিরা সংগ্রহ করা গোলপাতা বিক্রি করে অর্থ উপার্জন করেন। | ২. মৌয়ালরা সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ আয় করেন। |

**৩. মাংসাশী প্রাণী কাদের বলা হয়? সুন্দরবনের একটি মাংসাশী প্রাণীর নাম লিখ।**

উত্তরঃ যেসব প্রাণীর প্রধাণ খাদ্য মাংস তাদেরকে মাংসাশী প্রাণী বলা হয়। সুন্দরবনের একটি মাংসাশী প্রাণীর নাম হলো বাঘ।

**খ) বড় প্রশ্ন (নিজের মতো বানিয়ে লিখ)।**

**১. সরকার সুন্দরবন থেকে কাঠ আহরণ নিষিদ্ধ করেছে কেন?**

উত্তরঃ গাছ হলো আমাদের বন্ধু। গাছ আমাদের অক্সিজেন দেয়। সেই অক্সিজেন আমরা নিশ্বাস নেওয়ার সময় গ্রহণ করি। তাই একটি দেশের জন্য শতকরা ২০-২৫% বন থাকা প্রয়োজন। যে অঞ্চলে বন বা গাছপালার পরিমাণ যত বেশি সেই অঞ্চলের পরিবেশ তত বেশি মনোরম এবং মানুষের বসবাসের জন্য বেশি উপযুক্ত। এছাড়া গাছপালা পরিবেশের ভারসাম্য রক্ষা করে। দিন দিন বন জঙ্গল ধ্বংস করে মানুষ কলকারখানা ও বাড়ি বানাচ্ছে। বিভিন্ন কারনে সুন্দরবনের গাছপালার বৃদ্ধির হারও কমে যাচ্ছে, এমনকি এর ফলে অনেক প্রাণী আজ বিলুপ্ত হয়ে গিয়েছে। যেমন–গন্ডার , চিতাবাঘ, ওলবাঘ ইত্যাদি। এবং বন ধ্বংস হচ্ছে। আর এর প্রভাব পড়ছে প্রকৃতির ওপর। কেননা এই সব গাছ উপকূলীয় এলাকার জন্য প্রাকৃতিক ঢাল হিসেবে কাজ করে। তাই ১৯৮৯ সালে সরকার সুন্দরবন থেকে কাঠ আহরণ নিষিদ্ধ করেছে।

**২. বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দাও।**

উত্তরঃ সুজলা-সুফলা শস্য-শ্যামলা আমাদের এই বাংলাদেশ। পৃথিবীতে একমাত্র বাংলাদেশেই ০৬টি ঋতু আসে এবং যায়। প্রত্যেকটি ঋতুতে প্রকাশ পায় তার প্রাকৃতিক সৌন্দর্যের ভিন্ন ভিন্ন রূপ। কখনও আকাশে কাল মেঘের ঘনঘটা, কখনওবা গাঢ় নীল, কখনও ফোটে কাশফুল, আবার কখনওবা বৃষ্টিতে ভিজে কদম ফুল। নদীমাতৃক এই দেশের গ্রামগুলোর ফসলভরা খেত, মেঠোপথ, সবুজ গাছপালা বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যকে বহুগুণ বাড়িয়ে তোলে। এই দেশের বুকচিরে বয়ে যাওয়া নদীগুলো ঠিক যেন ক্যানভাসে আঁকা ছবি। পৃথিবীবিখ্যাত ম্যানগ্রোভ বন সুন্দরবন এবং পৃথিবীর সবচেয়ে দীর্ঘ সমুদ্র সৈকত কক্সবাজারসহ এদেশের উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্ব কোণের পাহাড়গুলো এদেশের সৌন্দর্যে যোগ করেছে অনন্য মাত্রা।

**৩. সুন্দরবনের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দাও।**

উত্তরঃ সুন্দরবন বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম কোণে বঙ্গোপসাগরের তীরে অবস্থিত প্রকৃতির এক অপূর্ব লীলাভূমি। এটি পৃথিবীর সবচেয়ে বড় প্রাকৃতিক ম্যানগ্রোভ বন। এই বনে রয়েছে হাজারো প্রজাতির পশুপাখি, গাছপালা ও মৎস্য সম্পদ। এই বনে রয়েছে পৃথিবী বিখ্যাত রয়েল বেঙ্গল টাইগার। রয়েছে মায়া, চিত্রাসহ বিভিন্ন প্রজাতির হরিণ, বানর। এই বনের কেওড়া গাছের শাঁসমূলগুলো দেখলে মনে হয় যেন তা সুন্দরবনকে মায়ায় আগলে রেকেছে। প্রতিদিন দু'বেলা জোয়ার-ভাটা একদিকে এই বনকে সজীব ও প্রাণবন্ত রাখে। এই বনের বুক চিরে বয়ে চলেছে বেশ কয়েকটি নদী, যা বনের গাছপালাকে স্বাদুপানি সরবরাহের পাশাপাশি এই বনের সৌন্দর্যকেও বহুগুণে বাড়িয়ে দিয়েছে। নদীতে বেশকিছু প্রজাতির ডলফিন ও কুমির রয়েছে। সুন্দরবনের হিরণপয়েন্ট থেকে সূর্যোদয় ও সূর্যাস্তের দৃশ্য অত্যন্ত মনোহর।

**গ) শূণ্যস্থান পূরণ করঃ**

১. আমাদের ..জন্মভূমি ..বাংলাদেশ।
২. আমাদের দেশের.. দক্ষিণ-পশ্চিম.. কোণে বঙ্গোপসাগর।
৩. সুন্দরবনের ..তিনপাশে.. ছড়িয়ে আছে অনেক গ্রাম।
৪. মানুষ সুন্দরবন থেকে কাঠ ও মধু সংগ্রহ করে।
৫. মৌমাছিরা গাছের ডালে মৌচাক বানায়।
৬. এই বনে অনেক ভয়ঙ্কর ও হিংস্র প্রাণী আছে।
৭. বাওয়ালিরা মাটি থেকে ছয় ফুট ওপরে ঘর তৈরি করে।
৮. মানুষ লবণাক্ত পানি খেতে পারে না।
৯. বাওয়ালিরা ছোট ছোট পানির পাত্র সাথে বাখেন।
১০. বাওয়ালিরা এই পানি খুবই সাবধানে ব্যবহার করেন।
১১. সুন্দরবনের মধ্য দিয়ে লবণাক্ত পানির নদী ও খাল বয়ে চলেছে।
১২. বঙ্গোপসাগরের তীরে সুন্দরবন অবস্থিত।
১৩. গ্রামের মানুষ কৃষিকাজ করেন।
১৪. মৌমাছিরা গাছে গাছে মৌচাক বানায়।
১৫. বাওয়ালির কাজ খুবই কষ্টেকর।
১৬. বাঘ মানুষকে আক্রমণ করে।
১৭. সুন্দরবনের পানিতে আছে মাছ, কুমির ও হাঙর।
১৮. বাওয়ালিদের গাছের ওপর বানানো ঘরকে বলে টংঘর।

**ঘ) তোমার দেখা কিছু পেশার নাম লিখ।** (শিক্ষার্থীরা নিজেরা লিখবে)

# উত্তরপত্র

## লেকচার -৪ (১৬.৬.২০)

**ক) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।**

১. আমাদের জন্মভূমি বাংলাদেশ ।--- **সত্য**
২. সুন্দরবন বুড়িগাঙ্গার তীরে অবস্থিত ।---- **মিথ্যা (সুন্দরবনে)**
৩. প্রজাপতিরা গাছে গাছে মৌচাক বানায় ।---- **মিথ্যা ( মৌমাছিরা)**
৪. বাওয়ালিরা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন ।----- **মিথ্যা মৌয়ালরা)**
৫. বাঘ সুন্দরবনের ভয়ঙ্কর প্রাণী ।---- **সত্য**
৬. মানুষ টিউবয়েলের পানি খেতে পারে না ।----- **মিথ্যা( লবণাক্ত)**
৭. সুন্দরবনের তিনপাশে ছড়িয়ে আছে গ্রাম ।--- **সত্য**
৮. বাঘ মাংসাশী প্রাণী ।---- **সত্য**
৯. বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম কোণে সুন্দরবন অবস্থিত ।---- **সত্য**
১০. মাছ, কুমির ও হাঙ্গর ডাঙায় থাকে ।----- **মিথ্যা ( পানিতে)**

**খ) ডান পাশের বাক্যাংশের সাথে বাম পাশের বাক্যাংশের মিলিয়ে পূর্ণাঙ্গ বাক্য লিখ।**

| বাম | ডান |
|---|---|
| ক. জন্মভূমি | ১. পনির ছোট ছোট পাত্র। |
| খ. দক্ষিণ-পশ্চিম কোণে | ২. পান করতে পারে না। |
| গ. কৃষিকাজ করেন | ৩. বাওয়ালিরা রাত কাটান। |
| ঘ. মৌচাক বানায় | ৪. পানিতে থাকে। |
| ঙ. মৌয়াল | ৫. মাংসাশী প্রাণী। |
| চ. বাওয়ালিরা | ৬. যারা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন। |
| ছ. বাঘ | ৭. মৌমাছিরা গাছ গাছে। |
| জ. কুমির ও হাঙর | ৮. বন থেকে গোলপাতা সংগ্রহ ও বিক্রি করেন। |
| ঝ. নদীর মাঝখানে | ৯. গ্রামের মানুষ। |
| ঞ. মানুষ লবণাক্ত পানি | ১০.বঙ্গোপসাগরের তীরে সুন্দরবন অবস্থিত। |
| ট. বাওয়ালিরা সাথে রাখেন | ১১.বাংলাদেশ |

**উত্তর: (ক+১১), (খ+১০), (গ+৯), (ঘ+৭), (ঙ+৬), (চ+৮), (ছ+৫), (জ+৪), (ঝ+৩), (ঞ+২), (ট+১)**

**গ) শব্দদিয়ে বাক্য তৈরি কর। (নিজেরা তৈরি করবে)**

**ঘ) এক কথায় প্রকাশ লিখ।**

| প্রদত্ত বাক্য | এককথায় প্রকাশ |
|---|---|
| যে দেশে জন্মায় | **জন্মভূমি** |
| কারও ওপর ঝাঁপিয়ে পড়ার মত রাগ যার রয়েছে | **হিংস্র** |
| লবন মেশানো রয়েছে | **লবণাক্ত** |

**ঙ) বিপরীত শব্দ লিখ।**

| মূলশব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| জন্ম | মৃত্যু |
| ঘন | পাতলা |
| কঠিন | সহজ |
| হিংস্র | নিরীহ |
| কষ্ট | সুখ |
| সুন্দর | অসুন্দর |
| গ্রাম | শহর |
| সুপেয় | অপেয় |
| জীবন | মরণ |
| জলে | স্থলে |
| পরিশ্রম | অপরিশ্রম |
| প্রয়োজনীয় | অপ্রয়োজনীয় |

**চ) সমার্থক শব্দ লিখ।**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| জন্মভূমি | স্বদেশ, নিজদেশ |
| পাহাড় | অচল, গিরি |
| নদী | গাঙ, দরিয়া |
| সমূদ্র | সাগর, জলাধার |
| অরণ্য | জঙ্গল, বন |

**ছ) সঠিক উত্তর দাও।**

১. আমাদের জন্মভূমি কোথায়?
- ক) পাকিস্তান
- খ) ভারত
- গ) বাংলাদেশ
- ঘ) নেপাল

২. সুন্দরবন কোন সাগরের তীরে অবস্থিত?
- ক) প্রশ্নান্ত মহাসাগর
- খ) আরব সাগর
- গ) ভারত সাগর
- ঘ) বঙ্গোপসাগর

৩. সুন্দরবনের গাছপালা কী ধরনের পানিতে বেঁচে থাকে?
- ক) মিঠা পানি
- খ) নোনা পানি
- গ) উষ্ণ পানি
- ঘ) শীতল পানি

৪. সুন্দরবন কিসে পরিপূর্ণ?
- ক) পশু ও পাখি
- খ) মানুষ
- গ) বন মানুষ
- ঘ) কোনটিই না

৫. তল সমান যে ভূমির-
- ক) উঁচু নিচু তলভূমি
- খ) মধ্যমতল ভূমি
- গ) নিচুতল ভূমি
- ঘ) সমতল ভূমি

৬. সুন্দরবনের তিনপাশে কী ছড়িয়ে আছে?
ক) মহল্লা
খ) গ্রাম
গ) শহর
ঘ) কোনটিই না

৭. গ্রামের মানুষ কী কাজ করেন?
ক) কৃষিকাজ
খ) চাকুরি
গ) ব্যবসা
ঘ) শিক্ষাকতা

৮. কারা গাছে গাছে মৌচাক বানায়?
ক) প্রজাপতি
খ) পিঁপড়া
গ) মৌমাছি
ঘ) ফড়িং

৯. কোন প্রাণী মানুষকেও আক্রমণ করে?
ক) হরিণ
খ) হাতি
গ) ভেড়া
ঘ) বাঘ

১০. মাছ কুমির, হাঙর, কোথায় থাকে?
ক) স্থলে
খ) মরুভূমিতে
গ) পানিতে
ঘ) বনে

১১. হিংস্র বলতে কী বোঝায় ?
ক) নিরীহ
খ) প্রাণ হারক
গ) শান্ত
ঘ) মেজাজী

১২. বাওয়ালি ও মৌয়ালরা গাছের কয় ফুট ওপরে ঘর তৈরি করেন?
ক) পাঁচ ফুট
খ) সাত ফুট
গ) পাঁচ - ছয় ফুট
ঘ) নয় ফুট

১৩. তাদের তৈরি ঘরকে কী বলা হয়?
ক) কুটির
খ) অট্রালিকা
গ) ভবন
ঘ) টং

১৪. যে মাংস আহার করে তাকে কী বলে?
ক) খাদক
খ) মাংসাশী
গ) ক্ষুধার্ত
ঘ) কোনটিই না

১৫. কীসের মধ্য দিয়ে লবণাক্ত পানির নদী ও খাল বয়ে চলেছে?
ক) মাঠের
খ) চরের
গ) সুন্দর বনের
ঘ) জমির

১৬. মানুষ কী ধরনের পানি খেতে পারে না?
ক) মিঠা পানি
খ) লবণাক্ত পানি
গ) টিউবয়েলের পানি
ঘ) নদীর পানি

১৭. লবণাক্ত শব্দের অর্থ কী?
ক) মিষ্টি জাতীয়
খ) লবন মেশানো
গ) টক জাতীয়
ঘ) ক ও গ

১৮. সাবধান বলতে কী বোঝায়?
ক) সতর্ক
খ) অমনযোগী
গ) বেখেয়ালী
ঘ) কোনটিই না